# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

## بَابُ كَرَاهِيَةِ الْفُتْيَا

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ، أَنبَأَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ قَالَ: بَلَغَنَا أَنَّ زَيْدَ بْنَ ثَابِتٍ الْأَنْصَارِيَّ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ، كَانَ يَقُولُ " إِذَا سُئِلَ عَنِ الْأَمْرِ: أَكَانَ هَذَا؟ فَإِنْ قَالُوا: نَعَمْ، قَدْ كَانَ، حَدَّثَ فِيهِ بِالَّذِي يَعْلَمُ وَالَّذِي يَرَى، وَإِنْ قَالُوا: لَمْ يَكُنْ، قَالَ: فَذَرُوهُ حَتَّى يَكُونَ

لم يحكم عليه المحقق

বাংলা

১২৪. যুহরী রাহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমাদের নিকট এ খবর পৌঁছেছে যে, যায়দ ইবনু ছাবিত আল-আনসারী রিদ্বওয়ানুল্লাহি আলাইহি-কে কোনো বিষয়ে প্রশ্ন করা হলে তিনি জিজ্ঞেস করতেন, এটি কি ঘটেছে? যদি তারা বলত, হ্যাঁ, ঘটেছে, তখন সে বিষয়ে তিনি যা জানেন এবং যা দেখেছেন, তা বর্ণনা করতেন। আর যদি তারা বলত, না, এটি (এখনও) ঘটেনি, তবে তিনি বলতেন, তাহলে এটি না ঘটা পর্যন্ত একে (এ বিষয়ে প্রশ্ন করা) ছেড়ে দাও।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এটি যুহরীর কথা। (এটি হাসান সনদে বর্ণনা করেছেন ইবনু আব্দুল বারর, তাখরীজে দেখুন)

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ২/৮; ইবন আব্দুল বাররা, জামি' বয়ানুল ইলম নং ১৮১৩, সনদ হাসান; ইবনু বাত্তাহ, আল ইবানাহ ১/৪০৯ নং ৩১৮; মুত্তাকী আল হিন্দ, কানযুল উম্মাল নং ৮৯০৪।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69435

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন